গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।
www.kaliganj.gazipur.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩৪.০০০.০০৭.০০৩.২৪-১৪

তারিখ ঃ ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রি.

## ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠন/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত (প্রকৃত মৎস্যজীবী যদি থাকে) সংগঠন ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখার ১৭.১২.২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৬৯৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্ন বর্ণিত ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/খাসপুকুর "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯"এর আলোকে ১৪৩২ বঙ্গাব্দ হতে ১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তে অনলাইনে সাধারণ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণের জন্য জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের নিম্নোক্ত তারিখ অনুযায়ী **www.jm.lams.gov.bd** ওয়েবসাইটে ( লিংকে) প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ অনলাইনে আবেদনপত্র দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি (যাবতীয় কাগজাদিসহ) সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর-এ অফিস চলাকালীন সময়ে দাখিল করতে হবে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/নোটিশ বোর্ড/**www.kaliganj.gazipur.gov.bd** ওয়েবসাইট এবং উপজেলা ভূমি অফিস, কালীগঞ্জ, গাজীপুর হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ (বিশ) একর পর্যন্ত আয়তনের (বদ্ধ) সরকারি জলমহাল/খাস পুকুর ব্যবস্থাপনা সিডিউল ঃ

| ক্রঃ নং | অনলাইনে আবেদনপত্র দাখিলের সময়কাল | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ০১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে (১৫ জানুয়ারি ২০২৫ হতে ২৮ জানুয়ারি ২০২৫ এর মধ্যে) | **www.jm.lams.gov.bd** ওয়েব সাইটে( লিংকে) প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ অনলাইনে ইজারার আবেদনপত্র দাখিল করতে হবে । |
| ০২ | ১৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে (অফিস চলাকালীন ) ( ২৯ জানুয়ারি ২০২৫ হতে ০২ ফেব্রুয়ারি ২০২৫ এর মধ্যে অফিস চলাকালীন ) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও সংশ্লিষ্ট জলমহালের দাখিলকৃত ইজারা মূল্যের ২০% অর্থ জামানতের মূলকপি এবং উপজেলা নির্বাহী অফিসার,কালীগঞ্জ,গাজীপুর বরাবর আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি (যাবতীয় কাগজাদিসহ) সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর-এ দাখিল করতে হবে । নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না । |
| ০৩ | ২০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ হতে ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে (০৩ ফেব্রুয়ারি ২০২৫ হতে ০৯ ফেব্রুয়ারি ২০২৫ এর মধ্যে অফিস চলাকালীন) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই |
| ০৪ | ২৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ হতে ০৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে (১০ ফেব্রুয়ারি ২০২৫ হতে ১৭ ফেব্রুয়ারি ২০২৫ এর মধ্যে অফিস চলাকালীন ) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ০৫ | ০৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ হতে ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে (১৮ ফেব্রুয়ারি ২০২৫ হতে ১০ মার্চ ২০২৫ এর মধ্যে অফিস চলাকালীন ) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন |
| ০৬ | ২৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ হতে ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে (১১ মার্চ ২০২৫ হতে ১৩ মার্চ ২০২৫ এর মধ্যে অফিস চলাকালীন ) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিত করণ |
| ০৭ | ২৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ হতে ২০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে (১৪ মার্চ ২০২৫ হতে ০৩ এপ্রিল ২০২৫ এর মধ্যে অফিস চলাকালীন) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন |
| ০৮ | ০১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৫ খ্রি.) | ইজারা গ্রহীতাকে জলমহাল দখল বুঝিয়ে দেয়া । |

### জলমহাল/খাস পুকুরের তথ্য

| তুমুলিয়া ইউনিয়ন | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | পুকুরের নাম | তফসিল | | | | সরকারি মূল্য |
| | | মৌজা | খতিয়ান-এসএ/আরএস | দাগ নং- এসএ/আর.এস | জমি (একরে) | |
| ০১ | চুয়ারিয়াখোলা খাস পুকুর | চুয়ারিয়াখোলা | ০১/০১ | ১৯৩৬/৩৯৯৬ | ০.৪৯০০ | ২,২০৫/- |

(চলমান পাতা-২)

### জাঙ্গালিয়া ইউনিয়ন

| ক্রঃ নং | পুকুরের নাম | তফসিল | | | | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান- এসএ/আরএস | দাগ নং- এসএ/আর.এস | জমি (একরে) | |
| ০২ | পুনসহি কাইলাপাড়া খাস পুকুর | পুনসহি | ০১/০১ | ১০৬১/১১১৫ | ০.২০০০ | ৯০০/- |
| ০৩ | বরায়া খাস পুকুর | বরায়া | ০১/০১ | ২৬০/৪৯৬ | ০.৫৫০০ | ২,৪৭৫/- |
| ০৪ | আজমতপুর খাস পুকুর | আজমতপুর | ০১/০১ | ১৫০/৪৫২ | ০.৯৪০০ | ৮,৪০০/- |
| ০৫ | আজমতপুর খাস পুকুর | আজমতপুর | ০১/০১ | ৫৮২/১৬৩ | ০.৮২০০ | ৭,৩৫০/- |

### কালীগঞ্জ পৌর

| ক্রঃ নং | পুকুরের নাম | তফসিল | | | | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান- এসএ/আরএস | দাগ নং- এসএ/আর.এস | জমি (একরে) | |
| ০৬ | চান্দাইয়া খাস পুকুর | চান্দাইয়া | ০১/০১ | ১৮৮/১৭৩ | ০.৪০০০ | ১,৮০০/- |
| ০৭ | চান্দাইয়া খাস পুকুর | চান্দাইয়া | ০১/০১ | ১৯৮/১৮৪ | ০.২৭০০ | ১,২১৫/- |
| ০৮ | মুলগাঁও খাস পুকুর | মুলগাঁও | ০১/০১ | ৪২০/৪০ | ০.৫১০০ | ২,২৯৫/- |
| ০৯ | বাঙ্গালহাওলা খাস পুকুর | বাঙ্গালহাওলা | ০১/০১ | /২৪০১ | ০.১৬০০ | ৭২০/- |
| ১০ | বালীগাঁও খাস পুকুর | বালীগাঁও | ০১/০১ | ১৩/২১ | ৫.১০০০ | ২,৭৪,০৫০/- |

### বক্তারপুর ইউনিয়ন

| ক্রঃ নং | পুকুরের নাম | তফসিল | | | | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান- এসএ/আরএস | দাগ নং- এসএ/আর.এস | জমি (একরে) | |
| ১১ | রেরুয়া খাস পুকুর | রেরুয়া | ০১/০১ | ৪৯৪/৫৯৭ | ০.০৪০০ | ২০০/- |

### নাগরী ইউনিয়ন

| ক্রঃ নং | পুকুরের নাম | তফসিল | | | | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান- এসএ/আরএস | দাগ নং- এসএ/আর.এস | জমি (একরে) | |
| ১২ | সেনপাড়া খাস পুকুর | সেনপাড়া | ০১/০১ | ৫৫/১৩২ | ০.৩৬০০ | ২২,৫৭৫/- |

### জামালপুর ইউনিয়ন

| ক্রঃ নং | পুকুরের নাম | তফসিল | | | | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান- এসএ/আরএস | দাগ নং- এসএ/আর.এস | জমি (একরে) | |
| ১৩ | জামালপুর খাস পুকুর | জামালপুর | ০১/০১ | ১৩০৩/৩৮০৮ | ০.৩৬০০ | ১,৬২০/- |

### মোক্তারপুর ইউনিয়ন

| ক্রঃ নং | পুকুরের নাম | তফসিল | | | | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান-এসএ/আরএস | দাগ নং- এসএ/আর.এস | জমি (একরে) | |
| ১৪ | রাথুরা খাস পুকুর | রাথুরা | ০১/০১ | ৫৫৩/৮২৫ | ০.৩০০০ | ১,৩৫০/- |
| ১৫ | রাথুরা খাস পুকুর | রাথুরা | ০১/০১ | ৬৮৮/১৬৭৩ | ০.৫৮০০ | ২,৬১০/- |
| ১৬ | রাথুরা খাস পুকুর | রাথুরা | ০১/০১ | ৪৭৪/৮৭১ | ০.৭৮০০ | ৪,২০০/- |
| ১৭ | বড়হড়া খাস পুকুর | বড়হড়া | ০১/০১ | /৪৬৬ | ০.২৪০০ | ১,০৮০/- |
| ১৮ | রামচন্দ্রপুর খাস পুকুর | রামচন্দ্রপুর | ০১/০১ | ২৮৩/৪১৪ | ০.৫৩০০ | ২,৩৮৫/- |

## শর্তাবলী ও নিয়মাবলি

১. "সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২. আবেদনকারীকে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়সূচি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর অথবা উপজেলা ভূমি অফিস, কালীগঞ্জ, গাজীপুর হতে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ,গাজীপুর এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করতে হবে। পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূলকপি এবং ৫০০/- (পাঁচশত) টাকা জমার রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ,গাজীপুর এ দাখিল করতে হবে।

৩. আবেদনপত্র www.jm.lams.gov.bd ওয়েব সাইটে( লিংকে) প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ অনলাইনে ইজারার আবেদনপত্র দাখিল করতে হবে এবং দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি ও অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মূলকপিসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ,গাজীপুর এ দাখিল করতে হবে।

৪. অনলাইন আবেদনের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদি লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের সকল তথ্য/অংক, স্পষ্টভাবে লিখতে হবে এবং অনলাইন প্রিন্ট কপির কোন কাটাকাটি, ঘষামাজা গ্রহণ করা হবে না এবং এক্ষেত্রে আবেদন বাতিল বলে গণ্য হবে।

(চলমান পাতা-৩)

CamScanner

৫. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা সমাজসেবা/সমবায় অধিদপ্তরের নিবন্ধিত তা প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি আবেদন করতে পারবেনা।

৬. কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবল মাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুবক(খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা(ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে এতদ উদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসের নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমাহাল/পুকুর ৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে ।

৭. সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

৮. প্রকৃত মৎস্যজীবী যারা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই এমন সংগঠন তারাও আবেদনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

৯. প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (পূর্ণ ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের (পূর্ণ ঠিকানাসহ) সংযুক্ত করে নির্দিষ্ট ফরমে আবেদন দাখিল করতে হবে।

১০. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্রসহ আবেদনের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

১১. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১২. বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে ও আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎ যোগ্য) সোনালী ব্যাংক/যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা অনলাইনে সমপরিমান অর্থ জামা দিয়ে জমার স্লিপের কপি আবেদনের প্রিন্টেড কপির সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। তবে অনলাইনে আবেদন ফি পরিশোধের ব্যবস্থাপনা থাকলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার করার প্রয়োজন নেই। লীজ প্রাপ্ত সমিতির লীজ মানির সাথে উক্ত জামানতের টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির জামানত বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৩. সময়মত লীজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীর নিকট হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৫. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

১৬. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি কর্তৃক সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় আবেদনের সাথে সংযুক্ত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাজেয়াপ্ত করে পুনঃ ইজারার ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. সম্পূর্ণ ইজারা মূল্য পরিশোধের পর ইজারা গ্রহীতার নিজ দায়িত্বে নিজ ব্যয়ে ৩০০/- ( তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। ইজারা গ্রহীতা সমিতির গাফলাতির কারণে জলমহালের দখল প্রদানে বিলম্ব হলে এজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৮. ইজারা মূল্যের সাথে ইজারা মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত অতিরিক্ত ১০% আয়কর ও ১৫% অর্থ ভ্যাট নির্ধারিত কোডে যথারীতি জমা প্রদান করতে হবে।

১৯. বৎসরের যেকোন সময় ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা পহেলা বৈশাখ ১৪৩২ বাংলা সন হতে কার্যকর হবে।

২০. অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবেন না। সরকার কর্তৃক সকল আদেশ-নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন।

২১. জলমহাল ইজারা নেয়ার পর কোন সমিতি/সংগঠন জলমহাল ভরাট, আয়তনের হ্রাস/বৃদ্ধি বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিন জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

২২. অসম্পূর্ণ/অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/ঘষা মাজা/কাটাকাটিযুক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমে কোন প্রকার ফ্লুইড ব্যবহার করা যাবে না।

২৩. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

২৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামাতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলমুখবন্ধ খামে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

(চলমান পাতা-৪)

CamScanner

২৫. জলমহাল ইজারা প্রাপ্তির পর কোন অবস্থাতেই কৃত্রিম উপায়ে (পানি সেচ, রাসায়নিক প্রয়োগ ইত্যাদি) অবলম্বন করে মৎস্য আহরণ করা যাবেনা । এরূপ প্রমাণিত হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

২৬. ইজারা মূল্য পরিশোধের সাথে সাথে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠন স্ব উদ্যোগে ইজারা চুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ করবেন। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা যাবে না কিংবা কোন কর্তৃপক্ষ তা কোন আদালতে মামলা মোকদ্দমা করতে পারবে না। লিজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল প্রদান করা যাবে না।

২৭. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশের/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যেকোন আদেশ/ নির্দেশ এবং বিধিবিধান আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৮. জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারি কার্যবিধির ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষণ আইনের বিধান লঙ্ঘিত হয়।

২৯. লীজ গ্রহিতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন। জলমহালে কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বে-আইনীভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

৩০. ইজারা দেয়া কোন পুকুর ভুলক্রমে এ বিজ্ঞপ্তির তালিকায় অর্ন্তভুক্ত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৩১. এই বিজ্ঞপ্তিতে প্রচারিত কোন জলমহালের উপর কোন বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক স্থিতাবস্থা/স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ আরোপিত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৩২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

তনিমা আফ্রাদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কালীগঞ্জ, গাজীপুর
ফোন ঃ ০১৭৮৩৮৬৯০৩০

স্মারক নং- ০৫.৪১.৩৩৩৪.০০০.০০৭.০০৩.২৪- ১৪(৫০)

তারিখ ঃ ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ০১ জানুয়ারি ২০২৫ খ্রি.

বিতরণ ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
০২। জেলা প্রশাসক, গাজীপুর।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাজীপুর।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
০৫। প্রশাসক, কালীগঞ্জ পৌরসভা, কালীগঞ্জ, গাজীপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৬। সহকারী কমিশনার (ভূমি), কালীগঞ্জ, গাজীপুর ( ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট জলমহালসহ জনবহুল স্থানে মাইক/ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৭। অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানা, গাজীপুর।
০৮। উপজেলা ............................................. অফিসার ও সদস্য-সচিব/সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কালীগঞ্জ, গাজীপুর।
০৯। উপজেলা ............................................................. অফিসার (সকল), কালীগঞ্জ, গাজীপুর ( বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালীগঞ্জ, গাজীপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য উপজেলার ওয়েব সাইটে আপলোড/প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রশাসক/চেয়ারম্যান, বাহাদুরসাদী/জামালপুর/মোক্তারপুর/জাঙ্গালিয়া/বক্তারপুর/তুমলিয়া/নাগরী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ইউনিয়নের জনবহুল স্থানে মাইক/ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কালীগঞ্জ পৌর/জামালপুর/জাঙ্গালিয়া/তুমলিয়া/নাগরী ইউনিয়ন ভূমি অফিস, কালীগঞ্জ, গাজীপুর। তাকে জলমহাল ইজারার বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট পুকুর/জনবহুল স্থানে ঢোলশহরত এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ নিধারিত তারিখের পূর্বেই এস, আর ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো।
১৩। সভাপতি/সম্পাদক, ...................................................................................................... , কালীগঞ্জ, গাজীপুর।
১৪। জনাব................................................................................................................................, কালীগঞ্জ, গাজীপুর।
১৫। উপজেলা পরিষদ নোটিশ বোর্ড, কালীগঞ্জ, গাজীপুর।
১৬। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর